



বাংলাদেশ ব্যাংক

উচ্চ মূল্যমান ব্যাংক নোটের প্রধান নিরাপত্তা বৈশিষ্ট্য

www.bb.org.bd → Bank notes & coins → Security features



মুজিব
মুজিব 100

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতি সংস্লিত 100, 200, 500 ও 1000 টাকা মূল্যমানের নোট লেনদেনে নিম্নবর্ণিত নিরাপত্তা বৈশিষ্ট্য খেয়াল করলে আমরা সহজেই আসল নোট চিনতে পারব :


নিরাপত্তা সূতা : 100 ও 500 টাকা মূল্যমান নোটের বাম পাশে 8 মি.মি. চওড়া চুলের বেশী সদৃশ নিরাপত্তা সূতা রয়েছে যার একটি অংশ লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয় এবং অপর অংশে নোটের মূল্যমান (100 টাকা/500টাকা) মুদ্রিত রয়েছে। 200 টাকা মূল্যমান নোটের বাম পাশে 8 মি.মি. চওড়া নিরাপত্তা সূতা রয়েছে যা লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয় এবং 1000 টাকা মূল্যমান নোটে 5 মি.মি. চওড়া নিরাপত্তা সূতা রয়েছে যা সোনালী হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয়। 200 ও 1000 টাকা মূল্যমান নোটের নিরাপত্তা সূতায় বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম ও নোটের মূল্যমান (200 টাকা/1000 টাকা) মুদ্রিত আছে। নোটগুলো নাড়াচাড়া করলে এতে হলোগ্রাফিক ইমেজ পরিলক্ষিত হয়।

লুকানো ছাপা : 100, 500 ও 1000 টাকা মূল্যমান নোটের সামনের দিকের নিচে মাঝে বরাবর নোটের মূল্যমান 100, 500 ও 1000 এবং 200 টাকা মূল্যমান নোটে TWO HUNDRED TAKA লুকায়িত অবস্থায় মুদ্রিত আছে, যা নোটটি অনুভূমিকভাবে ধরলে দেখা যাবে।

অতি সূক্ষ্ম আকারের লেখা : 100, 500 ও 1000 টাকা মূল্যমান নোটের পেছনের দিকের চিহ্নিত অংশে অতি সূক্ষ্ম আকারে BANGLADESH BANK এবং 200 টাকা মূল্যমান নোটের পেছনের দিকের চিহ্নিত অংশে অতি সূক্ষ্ম আকারে 200 মুদ্রিত রয়েছে, যা আতশী কাঁচ অথবা উন্নতমানের স্মার্ট মোবাইল ফোনের ক্যামেরা প্রয়োজন মত জুড় করে কিংবা "Flashlight & magnifying glass" App এর সহায়তায় মোবাইল ফোন ধরে দেখা যাবে।



রং পরিবর্তনশীল কালি (OVI) : 100 ও 1000 টাকা মূল্যমান নোট এদিক-ওদিক করলে রং পরিবর্তনশীল কালিতে মুদ্রিত অংশ সোনালী হতে সবুজ এবং 500 টাকা মূল্যমান নোটে এটি মেজেন্ট হতে সবুজ রংয়ে পরিবর্তিত হবে। তাছাড়া, 1000 টাকা মূল্যমান নোটের পেছনে বাম দিকে থাকা হালকা নীল রংয়ের BANGLADESH BANK লেখাটিও নোট এদিক-ওদিক করলে দেখা যাবে।



SPARK : 200 টাকা মূল্যমান নোটের উপরের ডান কোণায় সোনালী থেকে সবুজ রংয়ের SPARK (Optically Variable Magnetic Ink) দ্বারা 200 লেখা রয়েছে, নোটটি নাড়াচাড়া করলে যা সোনালী থেকে সবুজ রংয়ে পরিবর্তন হবে। পাশাপাশি একটি উজ্জ্বল বার উপরে নীচে উঠানামা করবে।



অসমতল ছাপা : 100, 200, 500 ও 1000 টাকা মূল্যমানের প্রত্যেক প্রকার নোটের সামনের ও পেছনের দিকের ডিজাইন, মাঝখানের লেখা, ইংরেজী ও বাংলা সংখ্যায় লেখা নোটের মূল্যমান, ৭টি সমান্তরাল হেলানো সরলরেখা (তবে 200 টাকা মূল্যমান নোটে ৮টি সমান্তরাল সরলরেখা) এবং এর ঠিক নীচে অবস্থিত ছোট ছোট বৃত্তাকার/ত্রিভুজাকৃতির ছাপ খস্খসে অনুভূত হবে।

UV লাইটযুক্ত জাল নোট সনাক্তকারী মেশিন ও মোবাইল ফোন এবং আতশী কাঁচ দ্বারা জাল নোট সহজে পরীক্ষা করা যায়।

নোট জালকারী চেতের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন এবং এসকল নোট জালকারীকে ধরিয়ে দিন। আসল নোটের বিভিন্ন নিরাপত্তা বৈশিষ্ট্য সম্পর্কে নিজে জানুন এবং অপরকে জানতে সহায়তা করুন।

ব্যাংক নোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন



ওয়ান ব্যাংক

লিমিটেড